

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০৬.০০৪.২১. ২০৬

তারিখ: ২৬/০২/২০২৬ খ্রি

বিষয়: ব্যাংকে ঋণ এ্যাডভাইস প্রদানের ক্ষেত্রে সাবধানতা অবলম্বন প্রসঙ্গে


সূত্র: স্মারক নং-(১): ৪৭.৬২.০০০০.৯৬৬.০৬.০০৪.২১.১১১ তারিখ: ০৪/০২/২০২৫

স্মারক নং-(২): ৪৭.৬২.০০০০.৯৬৬.০৬.০০৪.২১.৬৫৮ তারিখ: ০২/০৯/২০২৫

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্ব স্মারক (১) মূলে জারীকৃত পত্রে সুফলভোগীদের ব্যাংক হিসাব যথাযথভাবে যাচাই করে ঋণের এ্যাডভাইস ব্যাংকে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। সুফলভোগীদের ব্যাংক হিসাব সঠিকভাবে যাচাইয়ের জন্য উপজেলায় সুফলভোগীদের ব্যক্তিগত ব্যাংক হিসাব নম্বরের রেজিস্টার সংরক্ষণের জন্য উক্ত পত্রে নির্দেশনা প্রদান করা হয়। সূত্রস্ব স্মারক (২) মূলে জারীকৃত পত্রে ব্যাংকে ঋণ এ্যাডভাইস প্রেরণের পূর্বে ঋণী সদস্যদের ব্যাংক হিসাব নম্বর নিশ্চিত হওয়ার জন্য পূরণায় নির্দেশনা প্রদান করা হয়। বারংবার নির্দেশনার প্রদানের পরও উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ঋণের অর্থ স্থানান্তর সংক্রান্ত ব্যাংক এ্যাডভাইস স্বাক্ষরের পূর্বে ঋণী সদস্যদের নাম, টাকার পরিমাণ ও ব্যাংক হিসাব নম্বর যথাযথভাবে যাচাই না করার ফলে অসাধু কর্মকর্তা/কর্মচারী কর্তৃক যোগসাজসের মাধ্যমে ব্যাংক এ্যাডভাইসে সুফলভোগীদের ব্যাংক হিসাব নম্বর পরিবর্তন করে নিজেদের বা আত্মীয় স্বজনের ব্যাংক হিসাবে ঋণের অর্থসহ অন্যান্য অর্থ স্থানান্তরের মাধ্যমে আত্মসাতের মতো অনাকাঙ্ক্ষিত ঘটনা কর্তৃপক্ষের গোচরীভূত হয়েছে। আয়ন-ব্যয় কর্মকর্তা হিসেবে সংশ্লিষ্ট উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার উপর এর দায় বর্তায়।

এমতাবস্থায়, উপজেলায় যে কোন ব্যাংক এ্যাডভাইস স্বাক্ষরের পূর্বে গ্রহিতার নাম, টাকার পরিমাণ এবং ব্যাংক হিসাব নম্বর ভালভাবে যাচাই করার জন্য অনুরোধ করা হলো। ঋণ এ্যাডভাইস প্রেরণের ক্ষেত্রে কোন অনিয়ম পরিলক্ষিত হলে তার দায় ভার আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসাবে আপনার উপর বর্তাবে।

বিষয়টি অতীব জরুরী


মোহাম্মদ রাশেদুল আলম

প্রকল্প পরিচালক

ফোন: ০২-৮১৮০১৪৪

ইমেইল:- iresppwad@gmail.com

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,

উপজেলা....., জেলা..... (প্রকল্পভুক্ত সকল উপজেলা)

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি:..... জেলা (উপজেলা পরিদর্শনকালে নমুনাচয়নের ভিত্তিতে ঋণের ব্যাংক এ্যাডভাইস যাচাইয়ের জন্য অনুরোধসহ;
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো);
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা;
৪. পরিচালক পরিকল্পনা মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা;
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলা..... (প্রকল্পভুক্ত সকল উপজেলা);
৬. অফিস নথি।